

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৬৭ ৬/ সফর (أُبُوَابُ السَّفَرِ) পরিচেছদঃ সালাতুল খাওফ।

باب مَا جَاءَ فِي صَلاَةِ الْخَوْفِ

আরবী

وَرَوَى مَالِكُ بْنُ أَنَسٍ، عَنْ يَزِيدَ بْنِ رُومَانَ، عَنْ صَالِحِ بْنِ خَوَّاتٍ، عَمَّنْ صَلَّى مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم صَلاَةَ الْخَوْفِ فَذَكَرَ نَحْوَهُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنُ صَحَدِحٌ . وَبِهِ يَقُولُ مَالِكٌ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . وَرُوكِيَ عَنْ غَيْرِ وَاحِدٍ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم صَلَّى بإِحْدَى الطَّائِفَتَيْنِ رَكْعَةً رَكْعَةً فَكَانَتْ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم رَكْعَةٌ رَكْعَةٌ . قَالَ أَبُو عِيسَى أَبُو عَيْسَ الزُّرَقِيُّ اسْمُهُ زَيْدُ بْنُ صَامِتٍ . صَامِتٍ .

বাংলা

৫৬৭. মালিক ইবনু আনাস (রহঃ) সালিহ ইবনু খাওওয়াত (রহঃ) সূত্রে যিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে সালাতুল খাওফ আদায় করেছেন এমন এক ব্যক্তি থেকে অনুরূপ হাদীস বর্ণনা করেছেন।

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান-সহীহ। ইমাম মালিক, শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ) এই হাদীস অনুসারে অভিমত ব্যক্ত করেছেন। একাধিক রাবী থেকে বর্ণিত আছে যে, নবী এক-এক দলের সঙ্গে এক-এক রাকআত করে আদায় করেছেন। এতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হয়েছে দু'রাকআত আর মুসল্লিদের হয়েছে এক এক রাক'আত। আবূ ঈসা (রহঃ) বলেনঃ আবূ আয়্যাশ আয-যুরাকীর নাম হলো যায়দ ইবনু সামিত। - তিরমিজী হাদিস নম্বরঃ ৫৬৭ [আল মাদানী প্রকাশনী]

English

It was reported by Malik from Yazid bin Ruman, : from Salih bin Khawwat, from someone who prayed Salat Al-Khawf with the Prophet, and he mentioned a similar narration.



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সালিহ ইবনু খাওয়াত (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন